বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 18 MAY 1989
পৃষ্ঠা 5 কলাম 3

83

# জনমত

## ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সমীপে

আমরা সরিষাবাড়ি ডিগ্রী কলেজের নিয়মিত ছাত্র। এই কলেজ কেন্দ্র থেকেই আমরা ১৯৮৪ সনের ডিগ্রী পরীক্ষায় অংশগ্রহণ করি। আমাদের নির্বাচিত বিষয়সমূহের সব পরীক্ষা শান্তিপূর্ণভাবেই ঢাকা বিশ্ববিদ্যালয় প্রেরিত পরীক্ষা পরিদর্শক টিম এর তত্ত্বাবধানে ৫-১২-৮৪ তারিখে শেষ হয়ে যায়। পরবর্তীতে অবশিষ্ট পরীক্ষার্থীর পরীক্ষা চলাকালে ২১-১২-৮৪ তারিখ পরীক্ষায় দুর্নীতির অভিযোগ এনে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উক্ত কেন্দ্রে অনুষ্ঠিত সব ডিগ্রী পরীক্ষা বাতিল ঘোষণা করেন। কিন্তু আমাদের অসংখ্য পরীক্ষার্থীর সব পরীক্ষা তার বহু পূর্বেই সুষ্ঠুভাবে শেষ হয়েছে। কাজেই আমাদের পরীক্ষা বাতিল হবে কি দোষে? প্রতিটি পরীক্ষার্থীর পরীক্ষায় সুনির্দিষ্ট নকলের অভিযোগ প্রমাণ ছাড়া ঢালাওভাবে এ ধরনের অনুষ্ঠিত সব ডিগ্রী পরীক্ষা বাতিলের সিদ্ধান্ত কি কর্তৃপক্ষের আদৌ সঙ্গত হয়েছে? এখানে উল্লেখ করা প্রয়োজন যে পরীক্ষা কেন্দ্রে অসদুপায় অবলম্বনের জন্য প্রমাণিত অপরাধী পরীক্ষার্থীর জন্য বিভিন্ন মেয়াদের এবং বিভিন্ন ধরনের শাস্তির ব্যবস্থা প্রচলিত আছে। কিন্তু নির্বিচারে এ ধরনের পাইকারী শাস্তির ব্যবস্থা নিশ্চয় বিবেক, যুক্তি ও আইন সম্মত নয়। পরীক্ষা সুষ্ঠুভাবে পরিচালনা করার দায়িত্ব কর্তৃপক্ষের। তা না করা গেলে এ জন্য অসংখ্য সাধারণ নিরীহ ও নিরপরাধ পরীক্ষার্থীরা কিছুতেই দায়ী হতে পারে না প্রতিটি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের নিয়মকানুন মোতাবেক পরীক্ষায় অংশগ্রহণের যাবতীয় শর্ত পূরণ করে বিশ্ববিদ্যালয় প্রদত্ত প্রবেশপত্র সংগ্রহ করেছে। কাজেই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রত্যেকটি পরীক্ষার্থীর পরীক্ষা প্রয়োজন মত সুবিধাজনক যেকোন কেন্দ্রে নিতে আইনত অবশ্যই বাধ্য। আর সে অবস্থায় পরীক্ষার্থীদের অনুষ্ঠিত সব পরীক্ষা কোনক্রমেই বাতিল ঘোষিত হতে পারে না। সুষ্ঠুভাবে পরীক্ষা পরিচালনায় ব্যর্থ হলে অহেতুক কাল ক্ষেপন না করে কর্তৃপক্ষ প্রথম থেকেই সংশ্লিষ্ট কেন্দ্রের পরীক্ষার্থীদের পরীক্ষা অন্য যেকোন কেন্দ্রে অনুষ্ঠানের ব্যবস্থা করতে পারতেন। এ দায়িত্ব অবশ্যই কর্তৃপক্ষের।

অতএব, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে বিনীত নিবেদন শুধুমাত্র দোষী প্রমাণিত পরীক্ষার্থীদের উপযুক্ত শাস্তি দিন এবং অবশিষ্ট নিরীহ ও নির্দোষ পরীক্ষার্থীদের পরীক্ষা বাতিলের ঘোষণা অবিলম্বে প্রত্যাহার করুন।

মঞ্জু আহমেদ,
আঃ হাকিম,
আ ন ম ইউনুস পাঠান
সরিষাবাড়ি ডিগ্রী কলেজ
সরিষাবাড়ি, জামালপুর।